জেলা পরিষদ
দিনাজপুর
www.zpdinajpur.gov.bd

স্মারক নং: জেপদি/এক-০৫/২০২৫-২৬/ ৬৮৬

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

## জেলা পরিষদ অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার বরাদ্দের (লীজ) দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর শহরের কেন্দ্র স্থল বালুবাড়ীতে অবস্থিত অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার (যে আবস্থায় আছে সে অবস্থায়) ০৩ (তিন) বছরের জন্য লীজ দেওয়া হবে। লীজ দেওয়ার নিমিত্তে আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহর যুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরদাতাকে দাখিলকৃত দরের ৫০% জামানত হিসাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর বরাবরে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার আকারে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। জামানতের ব্যাংক ড্রাফট ছাড়া দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। প্রতিটি সিডিউল মূল্য ২,৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা (অফেরত যোগ্য)।

| দরপত্র ডাকের দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | বিগত বছরের দর | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ম দফা | ০৫/০৭/২০২৬ | ০৬/০৭/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত | ০৬/০৭/২০২৬ খ্রিঃ বিকাল-৩.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ | ৬,৪০,০০০/- | জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর এবং এ জেলা পরিষদ কার্যালয়। |
| ২য় দফা | ১৪/০৭/২০২৬ | ১৫/০৭/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত | ১৫/০৭/২০২৬ খ্রিঃ বিকাল-৩.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস | | |
| ৩য় দফা | ২২/০৭/২০২৬ | ২৩/০৭/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১টা পর্যন্ত | ২৩/০৭/২০২৬ খ্রিঃ বিকাল-৩.০০ টা নিম্নস্বাক্ষরকারীর অফিস | | |

শর্তাবলীঃ-

০১। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারটি ৩(তিন) বৎসরের জন্য লীজ প্রদান করা হবে (কার্যাদেশ প্রদানের তারিখ হতে মেয়াদের হিসাব শুরু হবে)। জেলা পরিষদের নির্ধারিত রেটের অতিরিক্ত অর্থ ব্যবহারকারীর নিকট হতে আদায় করা যাবে না।

০২। দরদাতাকে দাখিলকৃত দরের ৫০% হরে জামানত (ফেরতযোগ্য) হিসাবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সংঙ্গে দাখিল করতে হবে।

০৩। দরপত্রের সংঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূল্য সংযোজন কর/ভ্যাট সংক্রান্ত প্রমাণক নিবন্ধনপত্রের সত্যায়িত ফটোকপি এবং হালনাগাদ টিআইএন নিবন্ধনপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৪। দরপত্রের প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে।

০৫। দরপত্র অনুমোদন হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে দরপত্রের সমুদয় অর্থ ১০% আয়কর ও ১৫%ভ্যাট নগদ অথবা চালানের মাধ্যমে জমা করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর বরাবরে চুক্তিপত্র সম্পাদন পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর টাকা বাজেয়াপ্ত করে পুনঃলীজ দেয়ার ব্যবস্থা গ্রহন করা হবে।

০৬। গৃহীত দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ চুক্তিমূল্যের ১০% ব্যাংক ড্রাফট জমা করতে হবে, যা লীজের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ফেরত যোগ্য।

০৭। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার সুষ্ঠুভাবে পরিচালনা করতে রক্ষণা-বেক্ষন ব্যয় ইজারা গ্রহণকারীকে নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে। জেলা পরিষদের নিকট এরূপ কোন ব্যয় দাবী করা যাবে না।

০৮। বৈদ্যুতিক বাল্ব ও টিউব লাইট, পানির লাইন ও স্যানিটেশন যন্ত্রাংশ, দরজা জানালার গ্লাস এবং অন্যান্য দ্রব্যাদি প্রতিস্থাপন ও রক্ষণাবেক্ষণ লীজ গ্রহীতাকে বহন করতে হবে।

০৯। বৈদ্যুতিক বিল/পানির বিল/অন্যান্য কর লীজ গ্রহীতাকে প্রদান করতে হবে।

১০। বিল্ডিংয়ের অবকাঠামোগত পরিবর্তনসহ জমির কোন ধরনের ক্ষতি সাধন করা যাবে না। ক্ষতি সাধন করা হলে জামানতের টাকা হতে এবং ক্ষতির পরিমাণ বেশী হলে তদরূপ ক্ষতি পূরন লীজ গ্রহীতা জেলা পরিষদ কর্তৃপক্ষের অনুকূলে দিতে বাধ্য থাকবে। প্রয়োজনে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গৃহীত হবে।

১১। জেলা পরিষদের প্রয়োজনে জেলা পরিষদ বৎসরে কমপক্ষে ১৫(পনের) দিন অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার বিনা ভাড়ায় ব্যবহার করতে পারবে। সেক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনে পূর্ব বুকিং বাতিল করতে হবে।

১২। লীজের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃক আরোপিত শর্তাদিসহ সরকারি সার্কুলার এর নির্দেশনা প্রযোজ্য হবে।

১৩। লীজ গ্রহীতা অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার পরিচালনার জন্য কোন সাব-লীজ দিলে, তা প্রমাণিত হলে লীজ বাতিল বলে গণ্য হবে।

১৪। বরাদ্দ গ্রহীতা কোন অবস্থাতেই আইনে নিষিদ্ধ দ্রব্য, বিপদজনক দ্রব্য, পচনশীল ধরণের বা চুরির মালামাল ও দাহ্য সামগ্রী অডিটোরিয়াম ও কমিউনিটি সেন্টারে সংরক্ষণ করতে পারবেন না।

১৫। অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টারের মালামাল ছাড়া অন্য কোন মালামাল সেন্টারের গোডাউনে রাখা যাবে না। যদি অন্য কোন মালামাল রাখা হয়, তাহলে জেলা পরিষদ উক্ত মালামাল জব্দ করতে পারবে। পরবর্তীতে মালামালের জন্য কোন দাবি করা যাবে না।

১৬। দাখিলকৃত দর কথায় এবং অংকে সুস্পষ্টভাবে লিখতে হবে। দর লেখায় কোন কাটাকাটি, ঘষামাজা ও ওভার রাইটিং করা যাবে না। অনুরূপভাবে সিডিউলে নির্ধারিত স্থানে দর উল্লেখসহ স্বাক্ষর না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। যদি কোন কারণে দর কাটাকাটি হয় তা পুনরায় স্পষ্ট করে উল্লেখ পূর্বক দরপত্রদাতাকে অনুস্বাক্ষর করতে হবে।

১৭। দরদাতার দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রত্যাহার করতে পারবেন না।

১৮। টেন্ডার ডকুমেন্ট সিডিউলে বর্ণিত শর্তাবলী বা কোন বিষয়ে উদ্ভূত কোন অস্পষ্ট বা ভুল ছাপ পরিলক্ষিত হয়ে থাকে তবে সেই ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। বরাদ্দ গ্রহীতাকে কমিউনিটি সেন্টারের চুক্তিপত্র সম্পাদনের যাবতীয় ব্যয় বহন রাখতে হবে।

২০। বরাদ্দ গ্রহীতাকে দরপত্র সিডিউলে উল্লেখিত সকল শর্ত ও অতিরিক্ত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে।

২১। কমিউনিটি সেন্টার বরাদ্দের বিজ্ঞপ্তিতে উল্লেখিত উপর্যুক্ত সাধারন শর্তাবলী এবং চুক্তিপত্রে শর্তাবলী যে কোন শর্তভঙ্গ করলে কর্তৃপক্ষ সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্তসহ কমিউনিটি সেন্টারের বরাদ্দ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: মোখলেছুর রহমান)<br>
প্রধান নির্বাহী কর্মকর্তা<br>
জেলা পরিষদ, দিনাজপুর।<br>
মোবাইল: ০১৭৬২৯৯৯৫৬৯<br>
ইমেইল: zpdinajpur@lgd.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১। জেলা প্রশাসক, দিনাজপুর।<br>
০২। পুলিশ সুপার, দিনাজপুর।<br>
০৩। সিভিল সার্জন, দিনাজপুর।<br>
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।<br>
০৬। প্রশাসক, দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।<br>
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর,দিনাজপুর।<br>
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/শিক্ষা প্রকৌশল/ জনস্বাস্থ্য/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর।<br>
০৯। জেলা রেজিষ্টার, দিনাজপুর।<br>
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চেম্বার অব কমার্স, দিনাজপুর।<br>
১১। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।<br>
১২। মেসার্স/জনাব.......................................................<br>
১৩। অফিস কপি।